

সংবাদ সম্মেলনে অভিযোগ
ব্যক্তিগত বিরোধের
জের ধরেই শাবিতে
উপাচার্যবিরোধী
আন্দোলন

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস।
'ব্যক্তিগত বিরোধের জের ধরেই
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ে (শাবি)
উপাচার্যবিরোধী আন্দোলনের
সূত্রপাত হয়েছে' বলে অভিযোগ
করেছেন মহান মুক্তিযুদ্ধের চেতনা
ও মুক্তচিন্তা চর্চায় ঐক্যবদ্ধ
শিক্ষকবৃন্দ ফোরামের শিক্ষকরা।
সোমবার বিকেলে শাবির
একাডেমিক ভবন সি এর দ্বিতীয়
তলায় ২০৯ নং কক্ষে আয়োজিত এক
সংবাদ সম্মেলনে এমন অভিযোগ
করেছেন তারা।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে
ফোরামের আহ্বায়ক অধ্যাপক ড.

আখতারুল ইসলাম বলেন,
'আন্দোলনকারীদের
অভিযোগের কারণেই উপাচার্য
অপসারণ আন্দোলন হতে পারে না।
আন্দোলন মূলত ব্যক্তিগত ঘন্থ
থেকেই উৎপত্তি হয়েছে।'
গত ১৩ এপ্রিল থেকে শুরু হওয়া
উপাচার্যবিরোধী আন্দোলনের বিষয়ে
বিস্তারিত তুলে ধরে অধ্যাপক
আখতারুল ইসলাম আরও বলেন,
'শাবির ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি
অনুষদের ডিন ড. জহির বিন
আলসের সঙ্গে স্পেস সংক্রান্ত বিষয়
নিয়ে ভূগোল ও পরিবেশ বিভাগের
একজন শিক্ষক দুর্যবহার করেন।'
পরবর্তীতে এ নিয়ে ভূগোল বিভাগ
এবং অধ্যাপক ড. মুহম্মদ জাফর
ইকবালের স্ত্রী পদার্থবিজ্ঞান বিভাগের
অধ্যাপক ইয়াসমিন হকসহ ১৯ জন
শিক্ষক উপাচার্যের নিকট গলে
উপাচার্য পর্ষাদে সময় না দেয়ার
অভিযোগ করেন তারা। এরপরই
তারা মিটিং করে উপাচার্য
পদত্যাগের জন্য আন্দোলনে
নামেন।'

তিনি অভিযোগ করে বলেন, 'শিক্ষক
সমিতির বিভিন্ন সময়ে অনুষ্ঠিত
সভায় আন্দোলনকারীদের প্রতি
আলোচনার আহ্বান জানালেও তারা
তা প্রত্যাহ্যান করেছেন।
আন্দোলনকারীরা নিজেদের
সরকারদলীয় দাবি করছেন। তাহলে
কোন শক্তি বলে আন্দোলনকারী
শিক্ষকরা শিক্ষা মন্ত্রণালয়ের
নির্দেশনা এবং শিক্ষক সমিতির
নির্দেশ অমান্য করেন?'
আখতারুল ইসলাম আরও বলেন,
'গত ৩০ আগস্ট শিক্ষকদের ওপর
ছাত্রদের চড়াও হওয়ার ঘটনাকে
ন্যাকারজনক দাবি করলেও পরে
তারা আবার উপাচার্যবিরোধী
আন্দোলনে নিজ বিভাগের
শিক্ষার্থীদের জড়ান।' তিনি
শিক্ষকদের আন্দোলন থেকে সরে
আসা এবং আলোচনার মাধ্যমে
বিষয়টি সমাধানের আহ্বান জানান
তিনি।